**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 12-09-2026**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

**BRICS :**

দু'দিনব্যাপী ১৮তম ব্রিকস শীর্ষ সম্মেলন আজ থেকে নয়াদিল্লির ভারত মণ্ডপমে শুরু হচ্ছে। এই সম্মেলনে সভাপতিত্ব করবে ভারত। ২০২৬ সালে ভারতের ব্রিকস সভাপতিত্বের মূল ভাবনা—"সংকট মোকাবিলার সক্ষমতা, উদ্ভাবন, সহযোগিতা ও স্থায়িত্বের জন্য গঠন"। উন্নয়ন, প্রযুক্তি, স্থায়িত্ব এবং দক্ষিণ বিশ্বের স্বার্থকে সামনে রেখে ব্রিকসকে আরও কার্যকর ও সমাধানমুখী মঞ্চ হিসেবে গড়ে তোলাই ভারতের লক্ষ্য।

****************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, ব্রিকস দেশগুলি বিশ্বব্যাপী উদ্ভাবন ও সমাধানের গুরুত্বপূর্ণ কেন্দ্র হিসেবে উঠে আসছে। গতকাল নয়াদিল্লির ভারত মণ্ডপমে ব্রিকস বিজনেস ফোরামের নেতৃবৃন্দের অধিবেশনে ভাষণ দিতে গিয়ে তিনি বলেন, বর্তমানে ব্রিকস দেশগুলিতে বিশ্বের ৫০ শতাংশ জনসংখ্যা, ৪০ শতাংশ জিডিপি এবং ২৫ শতাংশেরও বেশি আন্তর্জাতিক বাণিজ্যের অংশীদারিত্ব রয়েছে।

***************************

**PM–bilaterals :**

১৮তম ব্রিকস সম্মেলনের আগে গতকাল নয়াদিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাশিয়ার রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিন, ইরানের রাষ্ট্রপতি মাসুদ পেজেশকিয়ান এবং জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেসের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন।

প্রধানমন্ত্রী মোদী জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেসের সঙ্গে বৈঠকে বহুপাক্ষিকতাকে শক্তিশালী করা সহ একগুচ্ছ বিষয় নিয়ে আলোচনা করেন। সমসাময়িক আন্তর্জাতিক বাস্তবতাকে প্রতিফলিত করার জন্য জাতিসংঘ নিরাপত্তা পরিষদসহ আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলোর সংস্কারের গুরুত্বের ওপরও তারা জোর দিয়েছেন। চতুর্থবারের মতো ব্রিকস-এর সভাপতিত্ব গ্রহণ করায় শ্রী গুতেরেস প্রধানমন্ত্রী মোদীকে অভিনন্দন জানিয়েছেন।

***************************

**CM-Blood Donation :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা নেশামুক্ত ও নতুন ত্রিপুরা গঠন করার লক্ষ্যে যুবসমাজকে আরও বেশি করে সমাজ কল্যাণমূলক কাজের সঙ্গে যুক্ত হওয়ার আহ্বান জানিয়েছেন। আগরতলায় গতকাল এন.এস.আর.সি.সি-তে আয়োজিত রক্তদান শিবিরে তিনি এই আহ্বান জানান। শিবিরে ১০০ জন রক্তদান করেন। মুখ্যমন্ত্রী গতকাল এন.এস.আর.সি.সি-তে নেতাজী সুভাষ চন্দ্র বসু ও স্বামী বিবেকানন্দের মর্মর মূর্তির আবরণ উন্মোচন করেন।

****************************

**Bikash Debbarma :**

বিভিন্ন জাতিগোষ্ঠীর কৃষ্টি ও সংস্কৃতিকে আরও মজবুত করতে রাজ্য সরকার কাজ করে চলেছে বলে জানিয়েছেন জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা। তেলিয়ামুড়ার উত্তর কৃষ্ণপুর পঞ্চায়েতের গৌড়গোবিন্দ ভক্ত বিনোদ সেবাশ্রম ও নাট মন্দিরে গতকাল আয়োজিত আন্তঃপ্রজন্ম মেলবন্ধন বিষয়ক আলোচনাচক্রের উদ্বোধন করে তিনি একথা বলেন। অনুষ্ঠানে বিধানসভার মুখ্যসচেতক কল্যাণী সাহা রায় নিজস্ব কৃষ্টি-সংস্কৃতি রক্ষায় বর্তমান প্রজন্মকে এগিয়ে আসার আহ্বান জানান।

******************************

**Barsha Mangal Utsav :**

আগরতলার বিদ্যাসাগর উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে গতকাল পশ্চিম জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে এবং বিদ্যালয়ের সহযোগিতায় বর্ষামঙ্গল উৎসব-২০২৬ অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল। অনুষ্ঠানে তিনি প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় বেশি মাত্রায় গাছের চারা লাগানোর আহ্বান জানান। এই উপলক্ষে বিদ্যালয় প্রাঙ্গণে বসে আঁকো প্রতিযোগিতা, পুরস্কার বিতরণ, গাছের চারা রোপন এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হয়।

***************************

**Lok Adalat :**

সারা দেশের সঙ্গে আজ রাজ্যেও এবছরের তৃতীয় জাতীয় লোক আদালত বসবে। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব বেদ প্রতিম দেববর্মা জানিয়েছেন, ত্রিপুরা হাইকোর্ট সহ রাজ্যের সব জেলা এবং মহকুমা আদালত প্রাঙ্গণে লোক আদালত বসবে।

*****************************

**Women Cricket :**

রাজ্যভিত্তিক মহিলা ক্রিকেটে আজ চারটি কোয়ার্টার ফাইনাল ম্যাচ হবে। কোয়ার্টার ফাইনালে মোহনপুর খেলবে উদয়পুরের সঙ্গে, খোয়াই খেলবে তেলিয়ামুড়ার সঙ্গে, সদর খেলবে লংতরাই ভ্যালির সঙ্গে এবং বিশালগড় খেলবে শান্তিরবাজারের সঙ্গে। বিজয়ী চার দল আগামী ১৪ই সেপ্টেম্বর সেমিফাইনালে খেলবে।

***************************

**First Division Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবলের গতরাতের খেলায় ফরোয়ার্ড ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত

মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় ফরোয়ার্ড ক্লাব ৩-১ গোলে রামকৃষ্ণ ক্লাবকে পরাজিত করে।

****************************

**U-17 Girl's Football :**

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে গতকাল মোহনপুরের তুলাবাগান সিন্থেটিক টার্ফ ফুটবল মাঠে পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক স্কুল স্পোর্টস মিট-২০২৬-এর অনূর্ধ্ব-১৭ বালিকা বিভাগের ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। পশ্চিম ত্রিপুরার তিনটি মহকুমা থেকে মোট ৫৪ জন খেলোয়াড় এতে অংশ নেয়। প্রতিযোগিতা শেষে রাজ্য স্তরের প্রতিযোগিতার জন্য ১৭ জন খেলোয়াড়কে নিয়ে পশ্চিম ত্রিপুরা জেলা দল গঠন করা হয়।

***************************

**Thang Tha-State level :**

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের ঊনকোটি জেলা কার্যালয়ের উদ্যোগে আগামী ১৫ থেকে ১৭ সেপ্টেম্বর কৈলাসহরের ঊনকোটি কলাক্ষেত্রে তিন দিনব্যাপী রাজ্যভিত্তিক স্কুল স্পোর্টস থাং-থা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। অনূর্ধ্ব ১৪, ১৭ ও ১৯ বছর বয়সী বালক-বালিকারা এতে অংশ নেবে। প্রতিযোগিতার উদ্বোধন করবেন যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়।

***************************

**Weather :**

আজ আকাশ সাধারণত মেঘলা থাকবে। উত্তর, ধলাই, ও ঊনকোটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। রাজ্যের বাকি জেলাগুলিতে হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৬ ডিগ্রি সেলসিয়াস। সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টিপাতের পরিমান ২০.২ মিলিমিটার।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *